রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, মার্চ ১২, ২০২৬

## ৬ষ্ঠ খণ্ড

**প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীমকোর্ট, বাংলাদেশের মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারি চাকুরি কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধঃস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ।**

**দুর্নীতি দমন কমিশন**
**প্রধান কার্যালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ : ৪ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ/১৭ ফেব্রুয়ারি ২০২৬ খ্রিষ্টাব্দ

**নং ০০.০১.০০০০.০০০.১০৪.১৩.০০০১.২০.১৮৬**—দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকার পরিচালক জনাব মোঃ রফিকুজ্জামান-এর জন্ম তারিখ ৩০-০১-১৯৬৭ খ্রিষ্টাব্দ মোতাবেক ২৯-০১-২০২৬ খ্রি. তারিখে তার বয়স ৫৯ (উনষাট) বছর পূর্তিতে নির্দেশক্রমে সরকারি চাকরি আইন, ২০১৮ (২০১৮ সনের ৫৭ নং আইন)-এর ধারা ৪৩ (১) (ক) অনুযায়ী ;

(ক) জনাব মোঃ রফিকুজ্জামান, পরিচালক, দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকাকে ২৯-০১-২০২৬ খ্রি. তারিখে সরকারি চাকরি হতে অবসর প্রদান করা হলো ; এবং

(খ) তার অনুকূলে ৩০-০১-২০২৬ হতে ২৯-০১-২০২৭ খ্রি. তারিখ পর্যন্ত ০১ (এক) বছর অবসর-উত্তর ছুটি (পিআরএল) মঞ্জুর করা হলো;

(গ) তিনি বিধি মোতাবেক ১৮ (আঠার) মাসের ছুটি নগদায়ন সুবিধা প্রাপ্য হবেন।

**মোহাম্মাদ নাজমুল হাসান**
পরিচালক।

**রাজশাহী মেট্রোপলিটন পুলিশ হেডকোয়ার্টার্স**

**অফিস আদেশ**

তারিখঃ ১৫ ফেব্রুয়ারি ২০২৬ খ্রিঃ

নং **৪৪.০১.০০০০.৯৮৮.১৩.০০২.২৩.৫৫১/১(২৮)**—রাজশাহী মেট্রোপলিটন পুলিশ, রাজশাহীর পুলিশ কন্ট্রোল রুমে কর্মরত নিরস্ত্র পুলিশ পরিদর্শক জনাব মোঃ শাহজাহান আলী (বিপি-৬৭৯৫০৫০০৮৮) এর বয়স আগামী ২৪-০৩-২০২৬ খ্রিঃ ৫৯ (উনষাট) বছর পূর্ণ হবে। সে প্রেক্ষিতে সরকারি চাকরি আইন, ২০১৮ (২০১৮ সনের ৫৭ নং আইন)-এর ধারা ৪৩ (১) (ক), ৪৭ মোতাবেক আগামী ২৪-০৩-২০২৬ খ্রিঃ তারিখ অবসর এবং ২৫-০৩-২০২৬ খ্রিঃ তারিখ হতে ২৪-০৩-২০২৭ খ্রিঃ তারিখ পর্যন্ত ০১ (এক) বছর পূর্ণ গড় বেতনে অবসর-উত্তর ছুটি (পিআরএল) মঞ্জুর করা হল।

প্রচলিত বিধি অনুযায়ী অবসর ও অবসর-উত্তর ছুটিকালীন সুবিধাদি প্রাপ্য হবেন।

**ড. মোঃ জিললুর রহমান**
পুলিশ কমিশনার।

---

**জাতীয় সঞ্চয় অধিদপ্তর**

**অফিস আদেশ**

তারিখ : ০২ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ/১৫ ফেব্রুয়ারি ২০২৬ খ্রিষ্টাব্দ

নং **০৮.০৪.০০০০.০০৬.১৯.২০২.২০.৬৬৮**—পুনরাদেশ না দেয়া পর্যন্ত জাতীয় সঞ্চয় অধিদপ্তরের নিম্নবর্ণিত সহকারী পরিচালকগণকে বর্তমান কর্মস্থল হতে তাঁদের নামের পার্শ্বেবর্ণিত কর্মস্থলে বদলি/পদায়ন/সাময়িক সংযুক্তি প্রদান করা হলো:

| ক্র/নং | কর্মকর্তার নাম ও পদবি | বর্তমান কর্মস্থল | বদলি/পদায়নকৃত কর্মস্থল | সাময়িক সংযুক্ত কর্মস্থল |
|---|---|---|---|---|
| ০১। | জনাব শফিকুল ইসলাম সহকারী পরিচালক | জেলা সঞ্চয় অফিস/ব্যুরো, বরিশাল (সংযুক্ত জাতীয় সঞ্চয় বিশেষ ব্যুরো, রামপুরা, ঢাকা) | জেলা সঞ্চয় অফিস/ব্যুরো, ফরিদপুর | জাতীয় সঞ্চয় বিশেষ ব্যুরো, রামপুরা, ঢাকা |

| ক্র/নং | কর্মকর্তার নাম ও পদবি | বর্তমান কর্মস্থল | বদলি/পদায়নকৃত কর্মস্থল | সাময়িক সংযুক্ত কর্মস্থল |
|---|---|---|---|---|
| ০২। | জনাব মো: মিজানুর রহমান, সহকারী পরিচালক | জেলা সঞ্চয় অফিস/ব্যুরো, পটুয়াখালী, | জেলা সঞ্চয় অফিস/ব্যুরো, বরিশাল | - |
| ০৩। | জনাব সামিনা পারভীন সহকারী পরিচালক | জেলা সঞ্চয় অফিস/ব্যুরো, ফরিদপুর (সাময়িক সংযুক্ত-জাতীয় সঞ্চয় বিশেষ ব্যুরো, শ্যামলী, ঢাকা। | জেলা সঞ্চয় অফিস/ব্যুরো, পটুয়াখালী, | - |

০২। বর্ণিত কর্মকর্তাগণ আগামী ১৯-০২-২০২৬ খ্রি: তারিখের মধ্যে বর্তমান কর্মস্থল হতে অবমুক্তি গ্রহণ করবেন। অন্যথায় ১৯-০২-২০২৬ খ্রিঃ তারিখ অপরাহ্ণে বর্তমান কর্মস্থল হতে তাৎক্ষণিক অবমুক্ত মর্মে গণ্য হবেন।

০৩। ক্রমিক নম্বর ০১ এ বর্ণিত কর্মকর্তা সাময়িক সংযুক্ত কর্মস্থলে কর্মকালীন তার বেতন ও ভাতাদি মূল কর্মস্থল জেলা সঞ্চয় অফিস/ব্যুরো, ফরিদপুর হতে আহরণ করবেন।

০৪। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**মো: রেজানুর রহমান**
উপপরিচালক (প্রশাসন ও জনসংযোগ)।

---

**বাংলাদেশ টেলিভিশন**
**সদর দপ্তর**

**নিয়োগ আদেশ**

তারিখ : ০৬ মাঘ ১৪৩২/১৯ ফেব্রুয়ারি ২০২৬

নং **১৫.৫৪.০০০০.০২১.১১.০০২.২৫.৬০৯**—বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের ১৯-০৮-২০২৫ তারিখের নং ৮০.০০.০০০০.৩০১(গাপনীয়).১১.২৭৭৬.২০২৫-১৮৭ সংখ্যক স্মারকে নিম্নবর্ণিত প্রার্থীকে মনোনয়ন এবং তথ্য ও সম্প্রচার মন্ত্রনালয়ের ২৬-০১-২০২৬ তারিখের নং ১৫.০০.০০০০.০২৩.১১.০১৪.২৩.৪১ সংখ্যক পত্রের পরিপ্রেক্ষিতে বাংলাদেশ টেলিভিশনের "গ্রন্থাগারিক" পদে জাতীয় বেতনস্কেল, ২০১৫ এর টা. ১৬০০০—৩৮৬৪০/- বেতনক্রমে (১০ম গ্রেড) নিম্নলিখিত শর্তে নিয়োগ প্রদান করা হলো:

| ক্রম | নাম, রেজি: নং এবং পিতা-মাতার নাম | স্থায়ী ঠিকানা | বর্তমান ঠিকানা | পদের নাম ও বেতনস্কেল |
|---|---|---|---|---|
| ০১. | জনাব মো: মাফিজুর রহমান<br>রেজি: নং-০০০০৪৩<br>পিতা: মো: মহসিন আলী<br>মাতা: মোছা: বেবী বেগম | গ্রাম: দোগাছিয়া<br>ডাকঘর: দোগাছিয়া<br>পোস্ট কোড-৭৪০৭<br>উপজেলা: যশোর সদর<br>জেলা: যশোর। | গ্রাম: দোগাছিয়া<br>ডাকঘর: দোগাছিয়া<br>পোস্ট কোড-৭৪০৭<br>থানা/উপজেলা: যশোর সদর<br>জেলা: যশোর। | গ্রন্থাগারিক<br>টা. ১৬০০০—৩৮৬৪০/-<br>(জা: বে: স্কেল-২০১৫) |

**শর্তাবলি:**

(ক) তিনি ০২ (দুই) বছর শিক্ষানবিশ হিসেবে কর্মরত থাকবেন। প্রয়োজন হলে সরকার এ মেয়াদকাল আরো ০২(দুই) বছর পর্যন্ত বৃদ্ধি করতে পারবে;

(খ) শিক্ষানবিশকালে যদি তিনি চাকরিতে বহাল থাকার অনুপোযোগী বলে বিবেচিত হন, কিংবা তার আচরণ ও কার্য সন্তোষজনক না হয়, তবে কোনো কারণ দর্শানো ছাড়া বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের পরামর্শ ব্যতিরেকে তাকে চাকরি হতে অপসারণ করা যাবে;

(গ) শিক্ষানবিশকাল সন্তোষজনক বিবেচিত হলে নিয়োগবিধির শর্ত অনুযায়ী তার চাকরি স্থায়ী করা হবে;

(ঘ) চাকুরিতে যোগদান করার পর তাকে প্রশিক্ষণে মনোনয়ণ দেয়া হলে উক্ত প্রশিক্ষণ শুরু হওয়ার পূর্বে তাকে একজন জামানতদারসহ ৩০০/- (তিনশত) টাকা মূলোর নন-জুডিশিয়াল স্ট্যাম্পে এ মর্মে একটি বন্ড সম্পাদন করতে হবে যে, তিনি যদি শিক্ষানবিশকালে অথবা শিক্ষানবিশকাল উত্তীর্ণ হওয়ার ০৩ (তিন) বছরের মধ্যে চাকরিতে ইস্তফা দেন, তবে উক্ত সময়ের মধ্যে তাকে প্রদত্ত বেতন, প্রশিক্ষণ উপলক্ষ্যে ব্যয়িত ভ্রমণ ভাতা এবং প্রশিক্ষণে ব্যয়িত সমুদয় অর্থ ফেরত দিতে বাধ্য থাকবেন;

(ঙ) তাঁর ইস্তফা নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত হওয়ার পূর্বে উপ-অনুচ্ছেদ (ঘ) মোতাবেক সরকারের প্রাপ্য অর্থ ফেরৎ না দিয়ে তিনি যদি কর্তব্যে অনুপস্থিত থাকেন, তাহলে উপ-অনুচ্ছেদ (ঘ) অনুযায়ী তাঁর নিকট প্রাপ্য সমুদয় অর্থ পাবলিক ডিমান্ড রিকভারি এ্যাক্ট, ১৯১৩ (Bengal Act No. 111 of 1913)-এর বিধান অনুসারে আদায় করা হবে এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ মোতাবেক তাঁর বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে;

(চ) চাকরিতে তাঁর জ্যেষ্ঠতা এতদ্সংক্রান্ত প্রচলিত বিধি-বিধানের আলোকে নির্ধারিত হবে;

(ছ) তাঁর চাকরি সংক্রান্ত বিষয়ে সরকারের প্রচলিত বিধি-বিধান ও আদেশ প্রযোজ্য হবে এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি-বিধান ও আদেশ অনুসারে তার চাকরি নিয়ন্ত্রিত হবে;

(জ) যদি তিনি কোনো বিদেশি নাগরিককে বিয়ে করে থাকেন অথবা বিয়ে করার জন্য অঙ্গীকারাবদ্ধ হয়ে থাকেন তবে এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে;

(ঝ) চাকরিতে যোগদানকালে তাঁকে যোগদানপত্রের সাথে ৩০০/- (তিনশত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে এ মর্মে একটি বন্ড সম্পাদন করতে হবে যে, তিনি নিজে বা পরিবারের অন্যান্য সদস্যদের জন্য কোনো যৌতুক বিবেন না এবং কোনো যৌতুক দিবেন না;

(ঞ) The Government Sorvants (Conduct) Rules 1976 এর ১৩(১) উপ-বিধি অনুযায়ী সকল স্থাবর-অস্থাবর সম্পত্তির বিবরণ সম্বলিত একটি ঘোষণাপত্র চাকরিতে যোগদানের সময় তাঁকে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট জমা দিতে হবে;

(ট) এ চাকরিতে যোগদানের জন্য তিনি কোনো ভ্রমণ ভাতা/দৈনিক ভাতা পাবেন না;

(ঠ) এ নিয়োগ তাঁর যোগদানের তারিখ হতে কার্যকর হবে;

(ড) পরবর্তীতে যে কোনো সময় প্রার্থীর যোগ্যতার শর্তের অপুর্ণতা, দুর্নীতি, জালিয়াতি, অসত্য তথ্য প্রদান, তথ্য গোপন বা অন্য ক্ষেত্রে যাচিত কাগজপত্রাদি যথাযথ না থাকলে বা কোনো গুরুতর (Substantive) ভুল-ত্রুটি পরিলক্ষিত হলে তাঁর নিয়োগ বাতিল বলে গণ্য হবে এবং তাঁর বিরুদ্ধে যে কোনো আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা যাবে; এবং

(ঢ) প্রার্থী যে সকল সনদপত্রের ভিত্তিতে নিয়োগের জন্য সুপারিশ প্রাপ্ত হয়েছেন যোগদানকালে যোগদানপ্রত্রের সাথে সেসকল সনদের সত্যায়িত ছায়ালিপি (এক সেট) দাখিল করবেন এবং যোগদানপত্রের সাথে সদ্যতোলা ০২ (দুই) কপি ছবি সংযুক্ত করবেন।

৩। উল্লিখিত শর্তাবলি তাঁর নিকট গ্রহণযোগ্য হলে আগামী ০১ মার্চ ২০২৬ তারিখ রবিবার পূর্বাহ্নে তাকে বাংলাদেশ টেলিভিশন, সদর দপ্তর, রামপুরা, ঢাকায় যোগদানের জন্য অনুরোধ করা হলো। নির্ধারিত তারিখে চাকরিতে যোগদান না করলে তিনি চাকরিতে করতে সম্মত নন বলে ধরে নেওয়া হবে এবং এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে।

০৪। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে এ নিয়োগ আদেশ জারি করা হলো।

**মো: মাহবুবুল আলম**
মহাপরিচালক।

---

**জেলা প্রশাসকের কার্যালয়, মানিকগঞ্জ**
**(ভুমি অধিগ্রহণ শাখা)**
**২০১৭ সনের স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুমদখল আইন অনুযায়ী**
**ভূমি অধিগ্রহণ কেস নং-০১/২০২১-২২**
**ফরম-ঘ**
**(৫নং বিধি দ্রষ্টব্য)**
**ঘোষণা**
**[ ১৩(২) ধারা মোতাবেক ]**

যেহেতু, এই মর্মে সিদ্ধান্ত গৃহীত হইয়াছে যে, নিম্নে উল্লিখিত তফসিল বর্ণিত ভূমি স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুমদখল আইন, ২০১৭ (২০১৭ সনের ২১ নং আইন) এর ১১ ধারা অনুসারে উহার ক্ষতিপূরণ প্রদান করা হইয়াছে অথবা ক্ষতিপূরণ প্রদান করা হইবে বলিয়া অনুমিত হইতেছে।

সেহেতু, এক্ষণে, ২০১৭ সনের স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুমদখল আইনের ১৩(২) ধারা অনুযায়ী আমি ঘোষণা করতেছি যে, উক্ত সম্পত্তি বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ করা হইল এবং উহা সর্ব প্রকার দায়-দায়িত্ব মুক্ত হইয়া সরকারের উপর অর্পিত হইল।

**তফসিল**

জেলা: মানিকগঞ্জ, উপজেলা: মানিকগঞ্জ সদর, মৌজা: এবং জে. এল নং ৬৭ নং জয়রা।

| আর. এস খতিয়ান | আর. এস দাগ নং | শ্রেণি | দাগে মোট জমির পরিমাণ (একরে) | অধিগ্রহণকৃত জমির পরিমাণ (একরে) |
|---|---|---|---|---|
| ২৮ | ১০৯০ | ভিটি | ০.৩৪০০ | ০.০৯১৬ |
| | | নাল | | ০.০০৮৪ |
| | | | **সর্বমোট** | **০.১০০০ একর** |

**মোহাম্মাদ আলী**
অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)।

**২০১৭ সনের স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুমদখল আইন অনুযায়ী**
**ভূমি অধিগ্রহণ কেস নং-১০/২০২৩-২০২৪**
**ফরম-ঙ**
**ঘোষণা**
**[ ১৪(১) ধারা মোতাবেক ]**

যেহেতু, নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তি সরকার কর্তৃক অধিগ্রহণের সিদ্ধান্তের তারিখ হতে ১২০ দিনের মধ্যে প্রত্যাশী সংস্থা কর্তৃক ক্ষতিপূরণ অর্থ প্রদান বা জমা করা হয়নি এবং যার জন্য ঐ সম্পত্তির মালিক বা স্বার্থবান ব্যক্তিবর্গ দায়ী নন।

সেহেতু, এক্ষণে, ২০১৭ সালের স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুমদখল আইনের (২০১৭ সালের ২১ নং আইন) ১৪ ধারায় (১) উপধারা অনুযায়ী আমি ঘোষণা করছি যে, ২৮-০৯-২০২৩ তারিখ হতে নিম্নবর্ণিত সম্পত্তি সম্পর্কে সরকার কর্তৃক গৃহীত অধিগ্রহণ কার্যক্রম বাতিল করা হ'ল।

**তফসিল**

জেলা-মানিকগঞ্জ, উপজেলা-মানিকগঞ্জ সদর, মৌজা-৬৭ নং জয়রা।

| আর. এস খতিয়ান নং | আর. এস দাগ নং | জমির পরিমাণ (একরে) |
|---|---|---|
| ২৮৫ | ১৪২৩ | ০.০২৪০ |
| ৫৪৪ | ১৪২৪ | ০.০৫১০ |
| ২৮৫ | ১৫৩৯ | ০.০৩৬০ |
| | **মোট=** | **০.১১১০ একর** |

**মোহাম্মাদ আলী**
অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)।

**জেলা প্রশাসকের কার্যালয়, বগুড়া**
**(ভূমি অধিগ্রহণ শাখা)**
**ফরম-"ঘ"**
**(৫ বিধি দ্রষ্টব্য)**
**এল এ কেস নং-০৮/সাসেক/২০২২**
**[ ১৩(২) ধারা মোতাবেক ]**

যেহেতু, এই মর্মে সিদ্ধান্ত গৃহীত হইয়াছে যে, নিম্ন উল্লিখিত তফসিলে বর্ণিত সম্পত্তি বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ করিতে হইবে এবং তদানুযায়ী স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুম দখল আইন, ২০১৭ (২০১৭ সালের ২১ নং আইন) এর ১১ ধারা অনুসারে উহার ক্ষতিপূরণ প্রদান করা হইয়াছে অথবা ক্ষতিপূরণ প্রদান করা হইবে বলিয়া অনুমিত হইয়াছে।

সেহেতু, এক্ষণে, উক্ত আইনের ১৩ ধারার (২) উপধারা অনুযায়ী আমি ঘোষণা করিতেছি যে, উক্ত সম্পত্তি বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ করা হইল এবং সর্ব প্রকার দায়-দায়িত্ব মুক্ত হইয়া সরকারের উপর অর্পিত হইল।

**তফসিল**

মৌজা-ধনকুন্ডি, জেএল নং-২০০, উপজেলা-শেরপুর, জেলা-বগুড়া

| খতিয়ান নং | দাগ নং | জমির পরিমাণ (একরে) |
|---|---|---|
| ৮৭ | ১৫২ | ০.০৭০০ |
| ১০১ | ১৫৪ | ০.২০০০ |
| ১১৮ | ১৫৭ | ০.০৬০০ |
| ৮৮ | ১৫৯ | ০.০৫০০ |
| | **মোট=** | **০.৩৮০০ একর** |

মৌজা-শেরুয়া, জেএল নং-১০০, উপজেলা-শেরপুর, জেলা-বগুড়া

| খতিয়ান নং | দাগ নং | জমির পরিমাণ (একরে) |
|---|---|---|
| ৯৭ | ৩ | ০.১২০০ |
| ৯৭ | ২২ | ০.০২০০ |
| ২০২ | ২৪ | ০.০৩০০ |
| ৭৯ | ৫৩৯ | ০.০২৭৫ |
| ৯২ | ৫৪০ | ০.০৫০০ |
| ১৫০ | ৫৪৩ | ০.০১০০ |
| | **মোট=** | **০.২৫৭৫ একর** |

মৌজা-শেরপুর, জেএল নং-১০৯, উপজেলা-শেরপুর, জেলা-বগুড়া

| খতিয়ান নং | দাগ নং | জমির পরিমাণ (একরে) |
|---|---|---|
| ১২১৬ | ৭১১ | ০.০২০০ |
| ৪৩৯ | ২০৫৪ | ০.০২৭৫ |
| - | ২০৫৭ | ০.০৭৭৫ |
| - | ২০৫৮ | ০.০১৫০ |
| - | ২০৬০ | ০.০১০০ |
| ৫১৯ | ২৪৯৩ | ০.০৩০০ |
| ৮৫২ | ২৫২২ | ০.০৩০০ |
| | **মোট=** | **০.২১০০ একর** |

মৌজা-ছনকা, জেএল নং-১৮২, উপজেলা-শেরপুর, জেলা-বগুড়া

| খতিয়ান নং | দাগ নং | জমির পরিমাণ (একরে) |
|---|---|---|
| ৫১ | ৩৫ | ০.১৬০০ |
| | **মোট=** | **০.১৬০০ একর** |

মৌজা-হাজিপুর, জেএল নং-১২২, উপজেলা-শেরপুর, জেলা-বগুড়া

| খতিয়ান নং | দাগ নং | জমির পরিমাণ (একরে) |
|---|---|---|
| ১৯ | ৯৩ | ০.০৬৭৫ |
| ৬৭ | ২২২ | ০.০০৫০ |
| ৯১ | ২২৩ | ০.০১০০ |
| ৭৬ | ২২৫ | ০.০২২৫ |
| ৮৮ | ২২৯ | ০.০১০০ |
| ৭৮ | ২৩০ | ০.০২৭৫ |
| | **মোট=** | **০.১৪২৫ একর** |

মৌজা-মহিপুর, জেএল নং-১২৩, উপজেলা-শেরপুর, জেলা-বগুড়া

| খতিয়ান নং | দাগ নং | জমির পরিমাণ (একরে) |
|---|---|---|
| ০১ | ১৯১ | ০.০৪৫০ |
| | **মোট=** | **০.০৪৫০ একর** |

মৌজা-গাড়িদহ, জেএল নং-১২৫, উপজেলা-শেরপুর, জেলা-বগুড়া

| খতিয়ান নং | দাগ নং | জমির পরিমাণ (একরে) |
|---|---|---|
| ৬২ | ৬৫২ | ০.১০০০ |
| ১৬ | ৮৪৫ | ০.০২০০ |
| | **মোট=** | **০.১২০০ একর** |

মৌজা-রহিমাবাদ, জেএল নং-২৪০, উপজেলা-শাজাহানপুর, জেলা-বগুড়া

| খতিয়ান নং | দাগ নং | জমির পরিমাণ (একরে) |
|---|---|---|
| ৩৮১, ৩৮২ | ৬৪৪ | ০.০৩০০ |
| ৩৫২ | ৬৪৭ | ০.০১০০ |
| ৬২, ৬৮ | ৬৯০ | ০.০৩০০ |
| ১ | ৩৬৬৬ | ০.০১০০ |
| ১৬৮ | ৩৬৬৭ | ০.০১০০ |
| ১৬৮ | ৩৬৬৮ | ০.০৩০০ |
| | **মোট=** | **০.১২০০ একর** |

মৌজা-মাঝিড়া, জেএল নং-২৩৯, উপজেলা-শাজাহানপুর, জেলা-বগুড়া

| খতিয়ান নং | দাগ নং | জমির পরিমাণ (একরে) |
|---|---|---|
| ২৯৭ | ৪১ | ০.০১০০ |
| ৩৪০, ৫২২ | ৪২ | ০.০২০০ |
| ১০৭, ২১৭, ৩৪০, ৪৪৫, ৫২০, ৫২১ | ৪৩ | ০.১৪০০ |
| ১ | ৪৪ | ০.০৩০০ |
| ৪৫৭, ৪৫৮ | ১৪৭ | ০.০১০০ |

| খতিয়ান নং | দাগ নং | জমির পরিমাণ (একরে) |
|---|---|---|
| ১৩, ৪৩, ৪৫, ৯৯, ১১৫, ১৭৫, ২৪৯, ৩৭৪, ৩৯৪, ৫৭১ | ১৪৯ | ০.০৩০০ |
| ৪৩, ১১১ | ১৫০ | ০.০৩০০ |
| ২৮৩ | ১৫১ | ০.০১২৫ |
| ৪৬২, ৫১৭ | ২২২ | ০.০৬০০ |
| ৫৬, ২৭৮, ৩১৭ | ৪০৩ | ০.০৩৫০ |
| ৫৬, ২৭৮, ৩১৭, ৩৭২ | ৪০৮ | ০.০১৫০ |
| | **মোট=** | **০.৩৯২৫ একর** |

মৌজা-আড়িয়া, জেএল নং-২৪১, উপজেলা-শাজাহানপুর, জেলা-বগুড়া

| খতিয়ান নং | দাগ নং | জমির পরিমাণ (একরে) |
|---|---|---|
| ১৬৭, ১৬৯, ১৭০ | ৪৫৬ | ০.০৭৫০ |
| ২১০, ২১১ | ৪৫৭ | ০.০৬৫০ |
| | **মোট =** | **০.১৪০০ একর** |

মৌজা-সাজাপুর, জেএল নং-১৭৯, উপজেলা-শাজাহানপুর, জেলা-বগুড়া

| খতিয়ান নং | দাগ নং | জমির পরিমাণ (একরে) |
|---|---|---|
| ৮৩৮ | ১১১ | ০.০১০০ |
| ৮৭২ | ১১২ | ০.০৭৫০ |
| ৬৮৮, ৭২৭, ৭৪৫, ৮৭০ | ৪৯৯ | ০.১২০০ |
| ২৭৪ | ৫৪২ | ০.১৭৫০ |
| ৬ | ৯৩৯ | ০.০৭৫০ |
| ৭৬৬ | ৯৪৩ | ০.০২২৫ |
| ৮৭৪ | ৯৪৪ | ০.০২০০ |
| ৬৩৪ | ৯৪৭ | ০.০৪৭৫ |
| ৯১৫ | ৯৪৮ | ০.০২০০ |
| ১০৪ | ৯৪৯ | ০.০২০০ |
| ৩৯৪, ৩৯৫ | ৯৬০ | ০.০০৫০ |
| ৩৩৭ | ৯৬১ | ০.০২৫০ |
| ৯৬ | ৯৬৩ | ০.০২৫০ |
| ৯৫, ৯৬ | ৯৬৪ | ০.০৭০০ |
| - | ৯৬৫ | ০.০৩০০ |
| ৮১৯ | ৪৯১১ | ০.০৭০০ |
| ৮১৯ | ৪৯১৫ | ০.০৭৫০ |
| ৯১৯ | ৪৯৯২ | ০.০৬০০ |
| | **মোট=** | **০.৯৪৫০ একর** |

মৌজা-বেতগাড়ি, জেএল নং-১৭৮, উপজেলা-শাজাহানপুর, জেলা-বগুড়া

| খতিয়ান নং | দাগ নং | জমির পরিমাণ (একরে) |
|---|---|---|
| ১৪ | ২৩৭ | ০.০২০০ |
| ২৯ | ২৯৩ | ০.০০৭৫ |
| ৮২ | ৪৪৩ | ০.০০৫০ |
| ৫০ | ৭১৩ | ০.০২২৫ |
| ৮৬ | ৭১৪ | ০.০২২৫ |
| ৮৬ | ৭১৫ | ০.০২০০ |
| ৫০ | ৭১৬ | ০.০৪৫০ |
| ৪৯ | ১২৯৫ | ০.০২৫০ |
| ১৬২ | ১৩২৯ | ০.০৩০০ |
| ১০৭ | ১৩৩২ | ০.০২৫০ |
| ১১১ | ১৩৪৪ | ০.০৩৫০ |
| ৪১ | ১৩৪৬ | ০.০৩০০ |
| ৯১ | ১৩৪৭ | ০.০৩০০ |
| ৬৮ | ১৩৬৮ | ০.০৩৫০ |
| ৬৭ | ১৩৬৯ | ০.০৪০০ |
| ৭৫ | ১৩৭১ | ০.০৪২৫ |
| ৪০ | ১৪০৪ | ০.০১০০ |
| ৮৫ | ১৪০৫ | ০.০০৫০ |
| ১৭৫ | ১৪১২ | ০.০৩৫০ |
| ১৪২ | ১৪১৩ | ০.০২০০ |
| ৬৯, ১৪১ | ১৪১৬ | ০.০২৫০ |
| ১৩১ | ১৪১৭ | ০.০১০০ |
| ১৮৪ | ১৪১৮ | ০.০১০০ |
| ১২, ১৩১ | ১৪১৯ | ০.০২০০ |
| ৩০ | ১৪২২ | ০.০২০০ |
| | **মোট=** | **০.৫৯০০ একর** |

মৌজা-গন্ডগ্রাম, জেএল নং-১৩৮, উপজেলা-শাজাহানপুর, জেলা-বগুড়া

| খতিয়ান নং | দাগ নং | জমির পরিমাণ (একরে) |
|---|---|---|
| ২ | ১৫৪৮ | ০.০৬০০ |
| ৩৬৪, ৩৬৫ | ১৫৫৩ | ০.০৮৫০ |
| ৭১ | ১৫৫৫ | ০.০২৫০ |
| ৭১ | ১৫৫৬ | ০.০৭০০ |
| ৪৫৯ | ১৫৫৭ | ০.০৯৫০ |
| ৪৭৪ | ১৫৫৮ | ০.১১০০ |
| ২৮ | ১৬৭৩ | ০.০৯৫০ |
| ১ | ৩১১৮ | ০.০২০০ |
| | **মোট=** | **০.৫৬০০ একর** |

সর্বমোট জমির পরিমাণ = (০.৩৮০০ + ০.২৫৭৫ + ০.২১০০ + ০.১৬০০ + ০.১৪২৫ + ০.০৪৫০ + ০.১২০০ + ০.৩৯২৫ + ০.১৪০০ + ০.৯৪৫০ + ০.৫৯০০ + ০.৫৬০০) = ৪.০৬২৫ একর।

**পি.এম.ইমরুল কায়েস**

অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)।

**এল এ কেস নং-০৩/সাসেক/২০২৪**

**ফরম-"ঘ"**

**(৫ বিধি দ্রষ্টব্য)**

**বিজ্ঞপ্তি**

যেহেতু, নিম্নতফসিল সম্পত্তি বগুড়া জেলার বগুড়া সদর উপজেলাধীন ৬৭ নং বারবাকপুর মৌজার ১.৭০ একর জমি ১৯৮২ সালের স্থাবর সম্পত্তি হুকুম দখল অধ্যাদেশ (১৯৮২ সালের ২ নং অধ্যাদেশ) মোতাবেক শিক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন বাংলাদেশ স্কাউট, বগুড়ার অনুকূলে ২৩/স্কাউট/১৯৯০ নং এল এ কেস মূলে স্থায়ীভাবে অধিগ্রহণ করা হয়। অধিগ্রহণকৃত উক্ত জমির মধ্যে হতে ০.১৮ একর জমি "সাসেক সড়ক সংযোগ প্রকল্প-২ এলেঙ্গা-হাটিকামরুল-রংপুর মহাসড়ক চার লেনে উন্নীতকরণ" প্রকল্পের আওতায় সড়ক নির্মাণের জন্য ভূমি মন্ত্রণালয়, অধিগ্রহণ-১ এর ২৭-০৯-২০২২ তারিখের ৩১.০০.০০০০.০৪৭.৫২.০২১.২০-২৯৬ নং স্মারকে স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ম্যানুয়েল, ১৯৯৭ এর অধিগ্রহণ সংক্রান্ত নির্দেশাবলীর ৭৫ (গ-জ) মোতাবেক সড়ক ও জনপথ অধিদপ্তরের অনুকূলে হস্তান্তরের প্রস্তাব অনুমোদন করা হয়।

সেহেতু, শিক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন বাংলাদেশ স্কাউট, বগুড়ার অনুকূলে ২৩/স্কাউট/১৯৯০ নং এল এ কেস মূলে স্থায়ীভাবে অধিগ্রহণকৃত ১.৭০ একর জমির মধ্যে হতে নিম্ন তফসিল বর্ণিত ০.১৮ একর জমি "সাসেক সড়ক সংযোগ প্রকল্প-২ এলেঙ্গা-হাটিকামরুল-রংপুর মহাসড়ক চার লেনে উন্নীতকরণ" প্রকল্পের আওতায় সড়ক নির্মাণের নিমিত্ত সড়ক ও জনপথ অধিদপ্তরের অনুকূলে স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ম্যানুয়েল, ১৯৯৭ এর অধিগ্রহণ সংক্রান্ত নির্দেশাবলীর ৭৫ (ছ) অনুচ্ছেদ মোতাবেক পুনঃগ্রহণপূর্বক হস্তান্তর করা হলো।

**তফসিল**

মৌজা-বারবাকপুর, জে, এল নং-৬৭, উপজেলা-বগুড়া সদর, জেলা-বগুড়া।

| খতিয়ান নং (এস এ) | দাগ নং (এস এ) | জমির পরিমাণ (একরে) |
|---|---|---|
| - | ৪৪৮৪ | ০.১৮০০ |

**পি. এম. ইমরুল কায়েস**
অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)।

---

**এল এ কেস নং-০২/সাসেক/২০২৪**

**ফরম-"ঘ"**

**(৫ বিধি দ্রষ্টব্য)**

**বিজ্ঞপ্তি**

যেহেতু, নিম্নতফসিল সম্পত্তি বগুড়া জেলার শাজাহানপুর উপজেলাধীন ১৭৮ নং বেতগাড়ি মৌজার ২৩.৩১ একর জমি ১৯৪৮ সালের সম্পত্তি (জরুরী) হুকুম দখল আইন (১৯৪৮ সনের ১৩ নং আইন) এর আওতায় ডাক, টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তি মন্ত্রণালয়ের অধিনস্থ বাংলাদেশ টেলিকমিউনিকেশন, বগুড়ার অনুকূলে ০৮/জি/১৯৬৯ নং এল এ কেস মূলে স্থায়ীভাবে অধিগ্রহণ করা হয়। অধিগ্রহণকৃত উক্ত জমির মধ্যে হতে ০.৮৬০০ একর জমি "সাসেক সড়ক সংযোগ প্রকল্প-২ এলেঙ্গা-হাটিকামরুল-রংপুর মহাসড়ক চার লেনে উন্নীতকরণ" প্রকল্পের আওতায় সড়ক নির্মাণের জন্য ভূমি মন্ত্রণালয়, অধিগ্রহণ-১ অধিশাখা এর ১২-০৬-২০২৩ তারিখের ৩১.০০.০০০০.০৪৭.৫২.০০০২.২১-১২৬ নং স্মারকে স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ম্যানুয়েল, ১৯৯৭ এর অধিগ্রহণ সংক্রান্ত নির্দেশাবলীর ৭৫ (গ-জ) মোতাবেক সড়ক ও জনপথ অধিদপ্তরের অনুকূলে হস্তান্তরের প্রস্তাব অনুমোদন করা হয়।

সেহেতু, ডাক, টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তি মন্ত্রণালয়ের অধিনস্থ বাংলাদেশ টেলিকমিউনিকেশন, বগুড়ার অনুকূলে ০৮/জি/১৯৬৯ নং এল এ কেস মূলে স্থায়ীভাবে অধিগ্রহণকৃত ২৩.৩১ একর জমির মধ্যে হতে নিম্ন তফসিল বর্ণিত ০.৮৬০০ একর জমি "সাসেক সড়ক সংযোগ প্রকল্প-২ এলেঙ্গা-হাটিকামরুল-রংপুর মহাসড়ক চার লেনে উন্নীতকরণ" প্রকল্পের আওতায় সড়ক নির্মাণের নিমিত্ত সড়ক ও জনপথ অধিদপ্তরের অনুকূলে স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ম্যানুয়েল, ১৯৯৭ এর অধিগ্রহণ সংক্রান্ত নির্দেশাবলীর ৭৫(ছ) অনুচ্ছেদ মোতাবেক পুনঃগ্রহণপূর্বক হস্তান্তর করা হলো।

**তফসিল**

মৌজা-বেতগাড়ি, জে, এল নং-১৭৮, উপজেলা-শাজাহানপুর, জেলা-বগুড়া।

| খতিয়ান নং (এস এ) | দাগ নং (এস এ) | জমির পরিমাণ (একরে) |
|---|---|---|
| - | ১৯ | ০.৬২০০ |
| - | ১৯/১৫৩৮ | ০.২৪০০ |
| | মোট= | ০.৮৬০০ একর |

**পি. এম. ইমরুল কায়েস**
অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)।

---

**এল এ কেস নং-০১/সাসেক/২০২৫**

**ফরম-"ঘ"**

**(৫ বিধি দ্রষ্টব্য)**

**বিজ্ঞপ্তি**

যেহেতু, নিম্নতফসিল সম্পত্তি বগুড়া জেলার শাজাহানপুর উপজেলাধীন ১৩৮ নং গন্ডগ্রাম ও ১১৯ নং ফুলদিঘী মৌজার ৪.২৮ একর জমি ১৯৪৮ সালের সম্পত্তি (জরুরী) হুকুম দখল আইন (১৯৪৮ সনের ১৩ নং আইন) এর আওতায় কৃষি মন্ত্রণালয়ের অধিন বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন, বগুড়ার অনুকূলে ০৭/জি/১৯৭৫ নং এল এ কেস মূলে স্থায়ীভাবে অধিগ্রহণ করা হয়। অধিগ্রহণকৃত উক্ত জমির মধ্যে হতে ০.২৭২৫ একর জমি "সাসেক সড়ক সংযোগ প্রকল্প-২ এলেঙ্গা-হাটিকামরুল-রংপুর মহাসড়ক চার লেনে উন্নীতকরণ" প্রকল্পের আওতায় সড়ক নির্মাণের জন্য ভূমি মন্ত্রণালয়, অধিগ্রহণ-১ এর ৩১-০৮-২০২২ তারিখের ৩১.০০.০০০০.০৪৭.৫২.০৩৩.২০-২৬৩ নং স্মারকে স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ম্যানুয়েল, ১৯৯৭ এর অধিগ্রহণ সংক্রান্ত নির্দেশাবলীর ৭৫ (গ-জ) মোতাবেক সড়ক ও জনপথ অধিদপ্তরের অনুকূলে হস্তান্তরের প্রস্তাব অনুমোদন করা হয়।

সেহেতু, কৃষি মন্ত্রণালয়ের অধিন বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন, বগুড়ার অনুকূলে ০৭/জি/১৯৭৫ নং এল এ কেস মূলে স্থায়ীভাবে অধিগ্রহণকৃত ৪.২৮ একর জমির মধ্যে হতে নিম্নতফসিল বর্ণিত ০.২৭২৫ একর জমি "সাসেক সড়ক সংযোগ প্রকল্প-২ এলেঙ্গা-হাটিকামরুল-রংপুর মহাসড়ক চার লেনে উন্নীতকরণ" প্রকল্পের আওতায় সড়ক নির্মাণের নিমিত্ত সড়ক ও জনপথ অধিদপ্তরের অনুকূলে স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ম্যানুয়েল, ১৯৯৭ এর অধিগ্রহণ সংক্রান্ত নির্দেশাবলীর ৭৫(ছ) অনুচ্ছেদ মোতাবেক পুনঃগ্রহণপূর্বক হস্তান্তর করা হলো।

**তফসিল**

মৌজা-গন্ডগ্রাম, জে, এল নং-১৩৮, উপজেলা-শাজাহানপুর, জেলা-বগুড়া।

| খতিয়ান নং (এস এ) | দাগ নং (এস এ) | জমির পরিমাণ (একরে) |
|---|---|---|
| - | ১৫০০ | ০.০৬২৫ |
| - | ১৫০১ | ০.০৩৫০ |
| - | ১৫০২ | ০.০৫০০ |
| | মোট= | ০.১৪৭৫ একর |

মৌজা-ফুলদিঘী, জে, এল নং-১১৯, উপজেলা-শাজাহানপুর, জেলা-বগুড়া।

| খতিয়ান নং (এস এ) | দাগ নং (এস এ) | জমির পরিমাণ (একরে) |
|---|---|---|
| - | ৯২৯ | ০.০৪৫০ |
| - | ৯৩০ | ০.০৫০০ |
| - | ৯৩১ | ০.০৩০০ |
| | মোট= | ০.১২৫০ একর |

সর্বমোট= (০.১৪৭৫+০.১২৫০)=০.২৭২৫ একর

**পি. এম. ইমরুল কায়েস**
অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)।

---

**জেলা প্রশাসকের কার্যালয়**
**রাজবাড়ী**
**(ভূমি অধিগ্রহণ শাখা)**
**এল এ কেস নং-০১/৯৬-৯৭**

**ঘ-ফরম**

যেহেতু, নিম্নতফসিল সম্পত্তি/সম্পত্তিসমূহ অধিগ্রহণের সিদ্ধান্ত গ্রহণ করা হইয়াছে এবং স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুমদখল অধ্যাদেশ, ১৯৮২(১৯৮২ সনের ২য় অধ্যাদেশ) এর ১০ ধারাবলে ক্ষতিপূরণ প্রদান করা হইয়াছে বা প্রদান করা হইয়াছে বলিয়া গণ্য করা হইয়াছে;

অতএব, আইন ১১ ধারার (২) উপ-ধারার ক্ষমতাবলে আমি এতদ্দ্বারা ঘোষণা করিতেছি যে, উক্ত সম্পত্তিসমূহ অধিগ্রহণ করা হইয়াছে এবং উহা নির্ঝঞ্জাটভাবে সরকারে সম্পূর্ণরূপে ন্যস্ত হইয়াছে:

**তফসিল:**

জেলা-রাজবাড়ী, উপজেলা- রাজবাড়ী সদর, মৌজা-চরবাগমারা, জে, এল নম্বর-২৩।

| দাগ নম্বর (আর,এস ) | অধিগ্রহণকৃত জমির পরিমাণ (একরে) | পূর্ণ/আংশিক |
|---|---|---|
| ১৯৬ | ০.১৪০০ | আংশিক |
| ১৯৭ | ০.০৮০০ | ,, |
| ১৯৮ | ০.২৭০০ | পূর্ণ |
| ১৯৯ | ০.২২০০ | ,, |
| ২০০ | ০.১২০০ | আংশিক |
| ২০১ | ০.১৩০০ | ,, |
| ২০৩ | ০.২৪০০ | ,, |
| ২০৪ | ০.২৪০০ | ,, |
| ২০৫ | ০.০৪০০ | ,, |
| ২০৬ | ০.০৪০০ | ,, |
| ২১৬ | ০.০৬০০ | ,, |
| ২১৭ | ০.০৮০০ | ,, |
| ২১৮ | ০.২৭০০ | ,, |
| ২১৯ | ০.১৬০০ | ,, |
| ২২৩ | ০.০২০০ | ,, |
| ২২৪ | ০.০৭০০ | ,, |
| ২২৫ | ০.১২০০ | পূর্ণ |
| ২২৬ | ০.১৬০০ | ,, |
| ২২৭ | ০.০৮০০ | আংশিক |
| ২০২ | ০.১৪০০ | ,, |
| ২৩১ | ০.১১০০ | পূর্ণ |
| ২৮১ | ০.০৩০০ | আংশিক |
| ২৮২ | ০.০২০০ | ,, |
| | **মোট = ২.৮৪০০ একর** | |

**সুলতানা আক্তার**
জেলা প্রশাসক।

---

**জেলা প্রশাসকের কার্যালয়, নড়াইল**
**ভূমি অধিগ্রহণ শাখা**

**সংশোধনী বিজ্ঞপ্তি**

তারিখ: ১৬ ফেব্রুয়ারি ২০২৬ খ্রি.

**বিষয়: এল.এ কেস নম্বর ০২/২০২৩-২০২৪ মূলে অধিগ্রহণকৃত সম্পত্তির গেজেট প্রকাশনা সংশোধন।**

**সূত্র: এ কার্যালয়ের ২৭-১১-২০২৫ খ্রি. তারিখের ০৫.৪৪.৬৫০০. ২০৫.০১.একুইন ০২/২০২৩-২০২৪/২৫-৪৯৪(যুক্ত) নম্বর স্মারক।**

নং **০৫.৪৪.৬৫০০.২০৫.০১.১০৭.২৩-৩২**—উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, নড়াইল জেলা কারাগারের কারারক্ষী ব্যারাক, কারারক্ষী ও মহিলা কারারক্ষীদের আবাসনসহ প্যারেড মাঠ নির্মাণের নিমিত্ত এ কার্যালয়ের ০২/২০২৩-২০২৪ নম্বর এল. এ কেসের মাধ্যমে নড়াইল জেলার সদর উপজেলাধীন ৭৫ নম্বর দুর্গাপুর ডুমুতলা মৌজার আর. এস ২৪৯৫,২৪৬, ২৪৬, ৯৫৯, ৯৫৯, ১৪০৬, ১১৬৯, ১৩৫৬, ১৯৭, ১৪০১, ১৪০৬ এবং ২৯৪ নম্বর খতিয়ানের ৪৪১০, ৪৪১১, ৪৪১২, ৪৪১৩, ৪৪১৪, ৪৪১৫, ৪৪১৬, ৪৪১৭, ৪৪১৮ এবং ৪৪১৯ নম্বর দাগের যথাক্রমে ০.০৫, ০.১০, ০.৩৭, ০.০৮, ০.০৮, ০.১২, ০.২০, ০.৫৪, ০.১৪, ০.৪২ একরসহ সর্বমোট ০২.১০ একর জমি অধিগ্রহণ করা হয়। অধিগ্রহণকৃত উক্ত জমির গেজেট প্রকাশনার লক্ষ্যে সূত্রোক্ত স্মারকে পত্র প্রেরণ করা হলে তা জানুয়ারি ৮, ২০২৬ তারিখে বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়।

বর্ণিত এল. এ. কেসের সংশ্লিষ্ট রেকর্ডপত্র প্রকাশিত গেজেট পর্যালোচনায় দেখা যায় যে, এ কার্যালয় হতে প্রেরিত নড়াইল জেলার সদর উপজেলাধীন ৭৫ নম্বর দুর্গাপুর-ডুমুরতলা মৌজার ৩ নম্বর ক্রমিকের ৯৫৯ নম্বর খাতিয়ানে ৪৪১২ নম্বর দাগের অধিগ্রহণকৃত ০.৩৭ একর জমির স্থলে ০.১৭ একর জমি উল্লেখ করা হয়েছে। উক্ত এল. এ. কেসটির জমির পরিমাণ ত্রুটিপূর্ণ আকারে প্রকাশিত হওয়ায় উক্ত গেজেটের ২য় খণ্ডের ১৬ নম্বর পৃষ্ঠা নিম্নরূপভাবে সংশোধনপূর্বক গেজেটে প্রকাশ করা হলো।

**প্রকাশিত ত্রুটিপূর্ণ তফসিল:**

জেলা-নড়াইল, উপজেলা- নড়াইল সদর, মৌজা-দুর্গাপুর ডুমুরতলা, জে, এল. নম্বর-৭৫

| খতিয়ান নম্বর (আর.এস) | দাগ নম্বর (আর.এস) | দাগে মোট জমির পরিমাণ (একরে) | অধিগ্রহণকৃত জমির পরিমাণ (একরে) | রেকর্ডীয় শ্রেণি | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ২৪৯৫, ২৪৬ | ৪৪১০ | ০.০৮ | ০.০৫ | ধানী | আংশিক |
| ২৪৬ | ৪৪১১ | ০.১২ | ০.১০ | ধানী | আংশিক |
| ৯৫৯ | ৪৪১২ | ০.৩৭ | ০.১৭ | ধানী | সম্পূর্ণ |
| ৯৫৯ | ৪৪১৩ | ০.০৮ | ০.০৮ | ধানী | সম্পূর্ণ |
| ১৪০৬ | ৪৪১৪ | ০.০৮ | ০.০৮ | ধানী | সম্পূর্ণ |
| ১১৬৯ | ৪৪১৫ | ০.১২ | ০.১২ | ধানী | সম্পূর্ণ |
| ১৩৫৬ | ৪৪১৬ | ০.২০ | ০.২০ | ধানী | সম্পূর্ণ |
| ১৯৭ | ৪৪১৭ | ০.৫৪ | ০.৫৪ | ধানী | সম্পূর্ণ |
| ১৪০১, ১৪০৬ | ৪৪১৮ | ০.১৯ | ০.১৪ | ধানী | আংশিক |
| ২৯৪ | ৪৪১৯ | ০.৯৪ | ০.৪২ | ধানী | আংশিক |
| মোট অধিগ্রহণকৃত জমির পরিমাণ=২.১০ একর | | | | | |

**সংশোধিত ও প্রতিস্থাপিত তফসিল:**

জেলা-নড়াইল, উপজেলা- নড়াইল সদর, মৌজা-দুর্গাপুর ডুমুরতলা, জে, এল. নম্বর-৭৫

| খতিয়ান নম্বর (আর.এস) | দাগ নম্বর (আর.এস) | দাগে মোট জমির পরিমাণ (একরে) | অধিগ্রহণকৃত জমির পরিমাণ (একরে) | রেকর্ডীয় শ্রেণি | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ২৪৯৫, ২৪৬ | ৪৪১০ | ০.০৮ | ০.০৫ | ধানী | আংশিক |
| ২৪৬ | ৪৪১১ | ০.১২ | ০.১০ | ধানী | আংশিক |
| ৯৫৯ | ৪৪১২ | ০.৩৭ | ০.৩৭ | ধানী | সম্পূর্ণ |
| ৯৫৯ | ৪৪১৩ | ০.০৮ | ০.০৮ | ধানী | সম্পূর্ণ |
| ১৪০৬ | ৪৪১৪ | ০.০৮ | ০.০৮ | ধানী | সম্পূর্ণ |
| ১১৬৯ | ৪৪১৫ | ০.১২ | ০.১২ | ধানী | সম্পূর্ণ |
| ১৩৫৬ | ৪৪১৬ | ০.২০ | ০.২০ | ধানী | সম্পূর্ণ |
| ১৯৭ | ৪৪১৭ | ০.৫৪ | ০.৫৪ | ধানী | সম্পূর্ণ |
| ১৪০১, ১৪০৬ | ৪৪১৮ | ০.১৯ | ০.১৪ | ধানী | আংশিক |
| ২৯৪ | ৪৪১৯ | ০.৯৪ | ০.৪২ | ধানী | আংশিক |
| মোট অধিগ্রহণকৃত জমির পরিমাণ=২.১০ একর | | | | | |

**ড. মোহাম্মদ আবদুল ছালাম**
জেলা প্রশাসক।

**উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়**
**দেবিদ্বার, কুমিল্লা।**

**বিজ্ঞপ্তি**

তারিখ: ১৮ ফেব্রুয়ারি ২০২৬ খ্রি.

নং **০৫.০০.১৯৪০.০০০.৪৭.০১৪.২৬-১৭১**—যেহেতু, কুমিল্লা জেলার দেবিদ্বার উপজেলাধীন ৩ নং রসূলপুর ইউনিয়ন পরিষদের ৫ নং ওয়ার্ডের নির্বাচিত সদস্য মোঃ মোছলেমউদ্দিন গত ১১-০২-২০২৬ খ্রি. তারিখে মৃত্যুবরণ করেছেন।

সেহেতু, আমি রাকিবুল ইসলাম, উপজেলা নির্বাহী অফিসার, দেবিদ্বার, কুমিল্লা স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ৩৫(২) ধারা মোতাবেক কুমিল্লা জেলার দেবিদ্বার উপজেলাধীন ৩ নং রসূলপুর ইউনিয়ন পরিষদের ৫ নং ওয়ার্ডের সদস্য পদটি শূন্য ঘোষণা করলাম।

**রাকিবুল ইসলাম**
উপজেলা নির্বাহী অফিসার।

---

**বিভাগীয় কমিশনারের কার্যালয়, বরিশাল**
**সংস্থাপন শাখা-১**

**প্রজ্ঞাপন**

তারিখ : ৮ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ/২১ ফেব্রুয়ারি ২০২৬ খ্রিষ্টাব্দ

নং **০৫.১০.০০০০.০০০.০০১.৬১.০০০১.২২.৪৪**—The Public Demands Recovery Act, 1913 এর Section-3(3) মোতাবেক এবং জেলা প্রশাসক, বরিশাল-এর ২২ জানুয়ারি ২০২৬ তারিখের ০৫.১০.০৬০০.১০৭৬.০৫.০০২.২৪-৪৯ নম্বর স্মারকের পরিপ্রেক্ষিতে জনাব মুহাম্মদ শাফিনুর রহমান আকন্দ (৪১০০২০৭), সহকারী কমিশনার, জেলা প্রশাসকের কার্যালয়, বরিশাল-কে উক্ত কার্যালয়ের জেনারেল সার্টিফিকেট অফিসার (জিসিও) এবং তার ছুটিকালীন প্রতিভূ হিসেবে মিজ নুসরাত জাহান এথিনা (৪১০০১৩৫), সহকারী কমিশনার এবং ২য় বিকল্প কর্মকর্তা হিসেবে জনাব মোহাম্মদ হাসিবুল হাসান (৪১০০২২৩), সহকারী কমিশনার-কে নিয়োগের মঞ্জুরি (Sanction) জ্ঞাপন করা হলো।

২। সার্টিফিকেট মামলা পরিচালনার ক্ষেত্রে কর্মরত জেলা উল্লিখিত কর্মকর্তার অধিক্ষেত্র হিসেবে বিবেচিত হবে।

৩। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**মোহাম্মদ মাহফুজুর রহমান**
বিভাগীয় কমিশনার।

---

**প্রজ্ঞাপন**

তারিখ : ৯ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ/২২ ফেব্রুয়ারি ২০২৬ খ্রিষ্টাব্দ

নং **০৫.১০.০০০০.০০০.০০১.৫৫.০০০১.২২.৪৫**—বাংলাদেশ সিভিল সার্ভিস (প্রশাসন) ক্যাডারের নিম্নবর্ণিত কর্মকর্তাগণকে পুনরাদেশ না দেওয়া পর্যন্ত তাদের নামের পাশে বর্ণিত কর্মস্থলে সহকারী কমিশনার (ভূমি) হিসেবে নির্দেশক্রমে বদলি/পদায়ন করা হলো:

১। জনাব মোঃ রাইসুল ইসলাম (১৮৮৮৭), সহকারী কমিশনার (ভূমি) মঠবাড়িয়া, পিরোজপুর—সহকারী কমিশনার (ভূমি), কাউখালী, পিরোজপুর।

২। জনাব সুদীপ্ত দেবনাথ (১৮৯৫৩), সহকারী কমিশনার (ভূমি) কাউখালী, পিরোজপুর—সহকারী কমিশনার (ভূমি), মঠবাড়িয়া, পিরোজপুর।

২। বর্ণিত কর্মকর্তাগণ-কে স্ব-স্ব অধিক্ষেত্রে (উপজেলায়) ভূমি বিষয়ক সরকারি পাওনাদি আদায়ের নিমিত্ত The Public Demands Recovery Act, 1913 এর Section-3(3) মোতাবেক সার্টিফিকেট অফিসারের ক্ষমতা অর্পণের মঞ্জুরি (Sanction) জ্ঞাপন করা হলো।

৩। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**মোঃ আহসান হাবিব**
অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক)।

---

**জেলা প্রশাসকের কার্যালয়, চট্টগ্রাম**
**(ভূমি অধিগ্রহণ শাখা)**
**স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুম দখল আইন, ২০১৭ এর ১৩(২) ধারা মোতাবেক**
**এল. এ. মামলা নং-১৩/২০১৮-২০১৯**

**অধিগ্রহণ ঘোষণা বিজ্ঞপ্তি**

যেহেতু, এই মর্মে সিদ্ধান্ত গৃহীত হইয়াছে যে, নিম্নবর্ণিত তফসিলের সম্পত্তি অধিগ্রহণ করিতে হইবে এবং তদানুযায়ী স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুমদখল আইন, ২০১৭ (২০১৭ সনের ২১নং আইন) এর ১১ ধারা অনুসারে ঐ সম্পত্তির ক্ষতিপূরণ প্রদান করা হইয়াছে অথবা ক্ষতিপূরণ প্রদান করা হইবে বলিয়া গণ্য হইয়াছে।

সেহেতু, এক্ষণে, উক্ত আইনের ২০১৭ এর ১৩ ধারার (২) উপধারা অনুযায়ী আমি ঘোষণা করছি যে, উক্ত সম্পত্তি "কর্ণফুলী উপজেলার শিকলবাহা মৌজায় স্লুইস গেইট নির্মাণ প্রকল্প" এর অনুকূলে বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ করা হইল এবং সর্ব প্রকার দায়-দায়িত্ব মুক্ত হয়ে সরকারের উপর অর্পিত হইল।

**তফসিল**

জেলা চট্টগ্রাম, উপজেলা: পটিয়া হালে কর্ণফুলী, মৌজা: শিকলবাহা, জে, এল নং ০৮।

| বি, এস খতিয়ান নং | বি, এস দাগ নং | রেকর্ডীয়/বাস্তব শ্রেণি | দাগে মোট জমির পরিমাণ (একরে) | অধিগ্রহণকৃত জমির পরিমাণ (একরে) |
|---|---|---|---|---|
| ১৪৪৬ সৃ: ১৩৬১৭ | ১৪১০৬ | নাল | ০.৬২০০ | ০.০৫৫০ |
| ১৪৪৪ | ১৪১০৮ | নাল | ০.১৮০০ | ০.০০৭৫ |
| ১ | ১৪১১২ | নাল | ০.০৭০০ | ০.০৭০০ |

| বি, এস খতিয়ান নং | বি, এস দাগ নং | রেকর্ডীয়/বাস্তব শ্রেণি | দাগে মোট জমির পরিমাণ (একরে) | অধিগ্রহণকৃত জমির পরিমাণ (একরে) |
|---|---|---|---|---|
| ১৭৬২, সৃঃ ৩৯৭৬, ১০৪৭৭, ১১২৭৪, ১০১৪১ | ১৬১৫১ | নাল | ০.৫৭০০ | ০.২৪৫০ |
| ১৯৬২ সৃঃ ৬০২৪ | ১৬১৫৪ | নাল | ০.২৩০০ | ০.০১২৫ |
| ৭১৩ | ১৬১৫৫ | নাল | ০.১৩০০ | ০.১৩০০ |
| ১৯৬২ | ১৬১৫৬ | নাল | ০.০৪০০ | ০.০৪০০ |
| ১ | ১৬১৫৭ | নাল | ০.০২০০ | ০.০২০০ |
| ১৯৬২ | ১৬১৫৮ | নাল | ০.০৬০০ | ০.০৬০০ |
| ৭১৩ | ১৬১৫৯ | নাল | ০.০৩০০ | ০.০৩০০ |
| ১১৫৪ সৃঃ ১৫৬০২, ১৪৩১৪ | ১৬১৬০ | নাল | ০.৫৩০০ | ০.২৩০০ |
| ১ | ১৬১৬১ | নাল | ০.০৪০০ | ০.০১৫০ |
| ১ | ১৬১৬২ | নাল | ০.১০০০ | ০.০১৫০ |
| | | | **সর্বমোট =** | **০.৯৩০০ একর** |

পটিয়া হালে কর্ণফুলী উপজেলাধীন ০৮ নং শিকলবাহা মৌজায় অধিগ্রহণকৃত জমির পরিমাণ = ০.৯৩০০ একর।

(বিস্তারিত দাগসূচী ও ভূমির নক্সা এই কার্যালয়ের ভূমি অধিগ্রহণ শাখায় সংশ্লিষ্ট নথির সঙ্গে সংরক্ষিত আছে)

**মোহাম্মদ জাহিদুল ইসলাম মিঞা**
জেলা প্রশাসক।

---

**স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুম দখল আইন, ২০১৭ অনুযায়ী**
**এল. এ. মামলা নং-১৭/২০২২-২০২৩**

**অধিগ্রহণ ঘোষণা বিজ্ঞপ্তি**

যেহেতু, এই মর্মে সিদ্ধান্ত গৃহীত হইয়াছে যে, নিম্নবর্ণিত তফসিলের সম্পত্তি অধিগ্রহণ করিতে হইবে এবং তদানুযায়ী স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুমদখল আইন, ২০১৭ (২০১৭ সনের ২১নং আইন) এর ১১ ধারা অনুসারে ঐ সম্পত্তির ক্ষতিপূরণ প্রদান করা হইয়াছে অথবা ক্ষতিপূরণ প্রদান করা হইবে বলিয়া গণ্য হইয়াছে।

সেহেতু, এক্ষণে, উক্ত আইনের ২০১৭ এর ১৩ ধারার (২) উপধারা অনুযায়ী আমি ঘোষণা করছি যে, উক্ত সম্পত্তি পতেঙ্গা উপজেলাধীন পতেঙ্গা মৌজায় "চট্টগ্রাম ওয়াসার কর্ণফুলী পানি সরবরাহ প্রকল্পের আওতায় Mods office (Maintenance, Operation & Distribution office) নির্মাণ" শীর্ষক প্রকল্প এর অনুকূলে বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ করা হইল এবং সর্ব প্রকার দায়-দায়িত্ব মুক্ত হয়ে সরকারের উপর অর্পিত হইল।

**তফসিল**

জেলা চট্টগ্রাম, থানাঃ পতেঙ্গা, মৌজাঃ দক্ষিণ পতেঙ্গা, জে, এল নং ২৫।

| বি, এস দাগ নং | বি, এস খতিয়ান নং | জমির শ্রেণি | অধিগ্রহণকৃত জমির পরিমাণ (একরে) |
|---|---|---|---|
| ৫৭ | ৮০৮ | নাল | ০.০২১১ |
| ৫৮ | ১৭৬ | নাল | ০.০২৩৩ |
| ৫৯ | ৮৪৬, ১১৮৫ | | ০.৬৮৬৩ |
| ৭৩ | ১২৮৭<br>সৃঃ খঃ ১২৮৭/১, ১২৮৭/২, ১২৮৭/৩, ৪০৫৮, ৫৭৮৫, ৫৭৯৪, ৫৭৯৫, ৫৯৪৯, ৬০৯৯, ৬১০০, ৬২২০, ৬২৫৫, ৬২৫৬, ৬২৫৭, ৬২৬৩, ৬৩০৩, ৬৩১৩, ৬৩১৪, ৬৯১১, ৭২৭৭ | নাল | ০.২৬৯৩ |
| | | **সর্বমোট =** | **১.০০০০ একর** |

সর্বমোট জমির পরিমাণ = ১.০০০০ একর।

**মোহাম্মদ জাহিদুল ইসলাম মিঞা**
জেলা প্রশাসক।

**জেলা প্রশাসকের কার্যালয়, নোয়াখালী**

**ভূমি অধিগ্রহণ শাখা**

**এল.এ. কেস নম্বর-০৬/১৯৮৪-৮৫**

**ফরম-ঘ**

**(৫ নং বিধি দ্রষ্টব্য)**

**'ঘোষণা'**

**[১১(২) ধারা মোতাবেক]**

যেহেতু, এই মর্মে সিদ্ধান্ত গৃহীত হইয়াছে যে, নিম্নে উল্লিখিত তফসিলে বর্ণিত সম্পত্তি নোয়াখালী তার ও টেলিফোন বিভাগের আওতাধীন এল. এ কেস নং-০৬/১৯৮৪-৮৫ মূলে নোয়াখালী জেলার সেনবাগ উপজেলাধীন ৪০১নং কাদরা মৌজায় ০.৭৩ একর ভূমি সেনবাগ অটো টেলিফোন নির্মাণ প্রকল্পের জন্য বাধ্যতা মূলকভাবে অধিগ্রহণ হইবে এবং তদানুযায়ী ১৯৮২ সনের স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুম দখল অধ্যাদেশ (১৯৮২ সনের ২নং অধ্যাদেশ) এর ১০ ধারা অনুসারে উহার ক্ষতিপুরণ প্রদান করা হইয়াছে অথবা ক্ষতিপূরণ প্রদান করা হইবে বলিয়া গণ্য হইয়াছে।

সেহেতু, এক্ষণে, উক্ত অধ্যাদেশের ১১ ধারার (২) উপ-ধারা অনুযায়ী আমি ঘোষণা করিতেছি যে, উক্ত সম্পত্তি বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ করা হইল এবং সর্ব প্রকার দায়-দায়িত্বমুক্ত হইয়া সরকারের উপর অর্পিত হইল।

**তফসিল**

**মৌজার নাম: ৪০১নং কাদরা, উপজেলা: সেনবাগ, জেলা: নোয়াখালী**

| দাগ নং | অধিগ্রহণকৃত ভূমির পরিমাণ (একর) |
|---|---|
| ১২২৯ | ০.৩০ |
| ১২৩০ | ০.৪৩ |
| **মোট =** | **০.৭৩ একর** |

**মুহাম্মদ শফিকুল ইসলাম**
জেলা প্রশাসক।

---

**এল.এ. কেস নং-০৮/১৯৯৯-২০০০**

**ফরম-ঘ**

**(৫ নং বিধি দ্রষ্টব্য)**

**'ঘোষণা'**

**[১১(২) ধারা মোতাবেক]**

যেহেতু, এই মর্মে সিদ্ধান্ত গৃহীত হইয়াছে যে, নিম্নে উল্লিখিত তফসিলে বর্ণিত সম্পত্তি নোয়াখালী পানি উন্নয়ন বিভাগের আওতাধীন এল. এ কেস নং-০৮/১৯৯৯-২০০০ মূলে নোয়াখালী জেলার হাতিয়া উপজেলাধীন ১৫ নং সুখচর মৌজায় ৬.৪৭ একর ভূমি উপকূলীয় বেড়ী বাঁধ উন্নয়ন প্রকল্পের জন্য বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ হইবে এবং তদানুযায়ী ১৯৮২ সনের স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুম দখল অধ্যাদেশ (১৯৮২ সনের ২নং অধ্যাদেশ) এর ১০ ধারা অনুসারে উহার ক্ষতিপুরণ প্রদান করা হইয়াছে অথবা ক্ষতিপূরণ প্রদান করা হইবে বলিয়া গণ্য হইয়াছে।

সেহেতু, এক্ষণে, উক্ত অধ্যাদেশের ১১ ধারার (২) উপ-ধারা অনুযায়ী আমি ঘোষণা করিতেছি যে, উক্ত সম্পত্তি বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ করা হইল এবং সর্ব প্রকার দায়-দায়িত্বমুক্ত হইয়া সরকারের উপর অর্পিত হইল।

**তফসিল**

মৌজার নাম: ১৫নং সুখচর, উপজেলা: হাতিয়া, জেলা: নোয়াখালী।

| দাগ নং | অধিগ্রহণকৃত ভূমির পরিমাণ (একর) |
|---|---|
| ২৩১ | ০.০১ |
| ২৩২ | ০.১২ |
| ২৩৩ | ০.০১ |
| ২৩৪ | ০.২১ |
| ২৩৫ | ০.১৭ |
| ২৪৩ | ০.০২ |
| ২৪২ | ০.৩৬ |
| ২৪৫ | ০.০২ |
| ২৪৬ | ০.৩০ |
| ২৫০ | ০.১৫ |
| ২৫১ | ০.৩৫ |
| ২৫৩ | ০.২১ |
| ২৪৮ | ০.০৪ |
| ৪১৬ | ০.১২ |
| ৪১৭ | ০.০২ |
| ৪১৪ | ০.১৬ |
| ৪০৫ | ০.১৫ |
| ৪০৪ | ০.১৪ |
| ৪০৩ | ০.২১ |
| ৩৭১ | ০.১০ |
| ৪২৮ | ০.০১ |
| ৪২৯ | ০.০২ |
| ৪৩০ | ০.১১ |
| ৪৩১ | ০.১৬ |
| ৪৩২ | ০.৪৫ |
| ৩৯০ | ০.০৫ |
| ৪৩৩ | ০.২৭ |
| ৩৭০ | ০.০২ |
| ৩৬২ | ০.১১ |
| ৩৬১ | ০.০৯ |
| ৪৩৪ | ০.০১ |
| ৩৩৯ | ০.০২ |
| ৩৫৯ | ০.২১ |
| ৬৫৫ | ০.২৩ |
| ৬৫৬ | ০.০৪ |
| ৬৫৯ | ০.২০ |
| ৬৬৮ | ০.২১ |
| ৬৬৬ | ০.১৮ |
| ৬৬৫ | ০.২৪ |
| ৬৬৩ | ০.১৪ |
| ৬৬৪ | ০.১৩ |
| ৬৯৪ | ০.২১ |
| ৬৯৫ | ০.৩১ |
| ৬৯৬ | ০.১৮ |
| **মোট =** | **৬.৪৭ একর** |

**মুহাম্মদ শফিকুল ইসলাম**
জেলা প্রশাসক।

**উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়**
**পীরগাছা, রংপুর**

**গণবিজ্ঞপ্তি**

তারিখ : ০৯ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ/২২ ফেব্রুয়ারি ২০২৬ খ্রিষ্টাব্দ

নং **০৫.০০৫.৮৫৭৩.০০০.০০০.০৫.০০০৮.২৬.১৯৫**—এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, রংপুর জেলার পীরগাছা উপজেলার ০২নং পারুল ইউনিয়ন পরিষদের ০৭নং ওয়ার্ডের সাধারণ সদস্য জনাব মোঃ সাইফুল ইসলাম, পিতা-মৃত মফিজ উদ্দিন, মাতা- মোছাঃ মেহেরুন নেছা, গ্রাম-পারুল, ডাকঘর-মাদ্রাসা সৈয়দপুর, উপজেলা-পীরগাছা, জেলা-রংপুর গত ২১-০২-২০২৬ খ্রি. তারিখে ব্রেন স্ট্রোকজনিত কারণে নিজ বাসভবনে মৃত্যুবরণ করেছেন (ইন্নানিল্লাহি............ রাজিউন)।

আমি দেবাশীষ বসাক, উপজেলা নির্বাহী অফিসার, পীরগাছা, রংপুর স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন-২০০৯ এর ৩৫(২) উপ-ধারায় বর্ণিত ক্ষমতাবলে মৃত্যুজনিত কারণে ২১-০২-২০২৬ খ্রি. তারিখ হতে ০২নং পারুল ইউনিয়ন পরিষদের ০৭নং ওয়ার্ডের সাধারণ সদস্য পদটি শূন্য ঘোষণা করলাম।

**দেবাশীষ বসাক**
উপজেলা নির্বাহী অফিসার।

**যৌথ মূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর**

**বিজ্ঞপ্তি**

তারিখ: 01-MAR-26

**নং আরজেএসসি/ডি, এন/17448**—কোম্পানি আইন ১৯৯৪ এর ৩৪৬ (৩) ধারা অনুযায়ী এই মর্মে বিজ্ঞপ্তি প্রকাশ করা যাচ্ছে যে, Midphase I.T. Ltd. [C-60329] নামীয় কোম্পানিটি ব্যবসা চালাচ্ছে কিনা বা কোম্পানির কার্যক্রম চালু আছে কিনা তা অত্র বিজ্ঞপ্তি প্রকাশের পর ৯০ (নব্বই) দিনের মধ্যে এর বিপরীতে কোনো কারণ দর্শানো না হলে অত্র কোম্পানির নাম নিবন্ধন বহি হতে কেটে দেয়া হবে এবং কোম্পানিটি বিলুপ্ত হয়ে যাবে।

**Jadhob Kumar Poddar**
Assistant Registrar
নিবন্ধকের পক্ষে।